রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন সম্প্রদায়ের জন্য দো‘আ বা বদ-দো‘আ করা ছাড়া কুনূত পড়তেন না।

আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন সম্প্রদায়ের জন্য দো‘আ বা বদ-দো‘আ করা ছাড়া কুনূত পড়তেন না।
[সহীহ] [ইবন খুযাইমাহ এটি বর্ণনা করেছেন।]

হাদীস শরীফটি সে সব স্থানগুলো আলোচনা করেছে যেখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুনূত পড়তেন। আর তা হচ্ছে কোন সম্প্রদায়ের জন্য দো‘আ বা বদ-দো‘আ করার সময়। এ দ্বারা বিপদের সময় কুনূত পড়ার বৈধতা প্রমাণিত হয়। এ ছাড়া ফরয সালাতে কুনূত পড়া প্রমাণিত নয়। সুতরাং কুনূত পড়া বিপদ-আপদ ও বিপর্যয়ের সময়ের সাথে খাস। কারণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কেবল মুসলিম সম্প্রদায়ের জন্য দো‘আ বা কাফিরদের ওপর বদ-দো‘আর করার সময় কুনূত পড়তেন। আর এ কুনূত পড়া কোন সালাতের সাথে খাস নয়। বরং উচিত হলো সব সালাতেই কুনূত পড়বে।

http://sunnah.global/hadeeth/bn/show/10934